

শৈক কী ও কেন?

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ পরিচ্ছেদ রচয়িতা/সঙ্কলকঃ ড. মুহাম্মদ মুয্যাম্মিল আলী

অন্তরের উপাসনার ক্ষেত্রে তাদের শির্ক

দেবতাদের প্রতি অকৃত্রিম ভালোবাসা : তারা তাদের দেবতাদেরকে আল্লাহর ন্যায় ভালবাসতো। আল্লাহকে ভালবেসে যেমন আল্লাহর উপাসনা করতো, তেমনি দেবতাদের ভালবেসে তাদেরও উপাসনা করতো। তাদের এমন ভালোবাসার প্রতি ইঙ্গিত করেই মহান আল্লাহ বলেন,

﴿ وَمِنَ ٱلنَّاسِ مَن يَتَّخِذُ مِن دُونِ ٱللَّهِ أَندَاذًا يُحِبُّونَهُم اَ كَحُبِّ ٱللَّهِ ﴾ [البقرة: ١٦٥]

"মানুষের মাঝে এমনও কিছু লোক রয়েছে যারা আল্লাহর অনেক সমকক্ষ নির্ধারণ করে, তাদেরকে আল্লাহর ভালোবাসার মতই ভালবাসে।"[1]

দেবতাদের অনিষ্টের গোপন ভয় করা :

তারা মনে করতো যে, তাদের দেবতাদের কেউ বেআদবী করলে বা তাদের সমালোচনা করলে দেবতারা সংশ্লিষ্ট ব্যক্তির যে কোন অনিষ্ট সাধন করতে সক্ষম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের দেবতা ও মূর্তিসমূহের সমালোচনা করার ফলে তাঁকেও তারা তাদের দেবতাদের অনিষ্টের গোপন ভয় দেখাতো। এ সম্পর্কে মহান আল্লাহ বলেন,

﴿ وَيُخَوِّفُونَكَ بِٱلَّذِينَ مِن دُونِهِ ١٤٤ ﴾ [الزمر: ٣٦]

"আল্লাহ ব্যতীত তাদের যে সব দেবতা রয়েছে, তারা তোমাকে সে সবের অনিষ্টের ভয় প্রদর্শন করে।"[2] বিপদে দেবতাদের শরণাপন্ন হওয়া :

ইহকালীন প্রয়োজন বা বিপদাপদ দূরীকরণের জন্য তারা তাদের দেবতাদের শরণাপন্ন হতো। আল্লাহর কল্যাণ তাঁর নিকট সরাসরি না চেয়ে নিজেদের অক্ষমতা দেবতাদের কাছে পেশ করে, তাদের নিকট অনুনয় বিনয় করে তাদের মাধ্যমে আল্লাহর অনুকম্পা ও কল্যাণ লাভ করতে চাইতো। আল্লাহর দয়া ও অনুকম্পা লাভের জন্য এ পদ্ধতি পরিহার করে সরাসরি আল্লাহর নিকটে তাঁর দয়া কামনা প্রসঙ্গে আল্লাহ বলেন,

﴿ وَأَنِيبُوا إِلَىٰ رَبِّكُما وَأُسالِمُوا لَهُ ا ﴾ [الزمر: ١٥]

"তোমরা তোমাদের প্রতিপালকের দিকে প্রত্যাবর্তিত হও এবং তাঁরই নিকট আত্মসমর্পণ কর।"[3] বিপদে দেবতাদেরকে আশ্রয়স্থল হিসাবে মনে করা :

কোন বিপদ হলে বা কোন অকল্যাণ পেয়ে বসলে তারা তাদের দেবতাদের শরণাপন্ন হতো, তাদেরকে তাদের আশ্রয় স্থল হিসেবে মনে করতো। আল্লাহর এ জগতে তিনি ব্যতীত মানুষের জন্য অপর কোন আশ্রয় স্থল নেই; সে জন্য তিনি তাঁর রাসূলকে দিয়ে এ ঘোষণা দিতে বলেন :



﴿ قُل ا إِنِّي لَن يُجِيرَنِي مِنَ ٱللَّهِ أَحَدا وَلَن ا أَجِدَ مِن دُونِهِ ا مُلاَتَحَدًا ٢٢ ﴾ [الجن: ٢٢]

''আপনি তাদের বলুন: আল্লাহ তা'আলার পাকড়াও থেকে আমাকে কেউ রক্ষা করতে পারবে না এবং তিনি ব্যতীত আমি অপর কোন আশ্রয়স্থলও পাব না।''[4]

দেবতাদের উপর ভরসা করা:

তারা বিভিন্ন প্রয়োজন পূরণে তাদের দেবতাদের উপর ভরসা করতো। তাই মহান আল্লাহ বলেন:

﴿ وَعَلَى ٱللَّهِ فَتَوَكَّلُوٓا إِن كُنتُم مُّوا مِنِينَ ٢٣ ﴾ [المائدة: ٢٣]

''যদি তোমরা মু'মিন হয়ে থাকো, তা হলে একমাত্র আল্লাহর উপরেই ভরসা করো।''[5]

>

ফুটনোট

- [1]. আল-কুরআন, সূরা আন'আম : ২৭।
- [2]. আল-কুরআন, সূরা যুমার : ৩৬।
- [3]. আল-কুরআন, সূরা যুমার : ৫৪।
- [4]. আল-কুরআন, সূরা জিন : ২২, ২৩।
- [5]. আল-কুরআন, সূরা মায়েদাহ : ২৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12568

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন